

বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ৮১.৮৫, জিপিএ ৫ পেয়েছে ৪১৬৭ শিক্ষার্থী

বরিশাল অফিস

১৫ অক্টোবর, ২০২৪
১২:১৭

শেয়ার

অ +

অ -



বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ডক্টর ইউনুস আলী সিদ্দিকী সভাকক্ষে এইচএসসির ফলাফল প্রকাশ করেন। ছবি : কালের কণ্ঠ

বরিশাল শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকাল

১১টায় বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ডক্টর ইউনুস আলী সিদ্দিকী সভাকক্ষে এ ফলাফল প্রকাশ করেন।

প্রকাশিত ফলাফলে বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার ৮১.৮৫ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে ৪১৬৭ শিক্ষার্থী।

গত বছরের তুলনায় এ বছর পাসের হার ও জিপিএ ৫ দুই-ই বেড়েছে। গত বছর এইচএসসি পরীক্ষায় পাসের হার ছিল ৮০ দশমিক ৬৫ শতাংশ ও জিপিএ ৫ পেয়েছিল ৩৯৯৩ জন শিক্ষার্থী।

আরো পড়ুন



আখাউড়ায় ভারতীয় নাগরিকসহ গ্রেপ্তার ২

বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক অরুণ কুমার গাইনের প্রকাশিত ফলাফল পরিসংখ্যানে দেখা যায়, ২০২৪ সালে বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে মোট ৬৬ হাজার ৮৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। এর মধ্যে ছাত্র রয়েছেন ৩১ হাজার ৯৯৩ জন, ছাত্রী রয়েছেন ৩৪ হাজার ৯৪ জন।

এদের মধ্যে পাস করেছেন ৫৪ হাজার ৮৯ জন। যার মধ্যে ছাত্র রয়েছেন ২৪ হাজার ৩৬৭ জন, ছাত্রী রয়েছেন ২৯ হাজার ৭২২ জন। পাসের হারে ছাত্রীরা এগিয়ে রয়েছেন। একই সঙ্গে বরিশাল শিক্ষা বোর্ডে চার হাজার ১৬৭ জিপিএ ৫ পাওয়াদের মধ্যে ছাত্র ১৩৬৩ জন, ছাত্রী ২৮০৪ জন।

জিপিএ ৫-এ ছাত্রীরা এগিয়ে রয়েছেন।

বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক ডক্টর ইউনুস আলী সিদ্দিকী বলেন, ‘ফলাফল গত বছরের তুলনায় ভালো। এ কৃতিত্ব শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের।’

আরো পড়ুন



এবার প্রতারকের খপ্পরে ছাত্রদল নেতা

ফলাফল প্রকাশ করার সময় উপস্থিত ছিলেন বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সচিব অধ্যাপক সোমনাথ মণ্ডল, পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক অরুণ কুমার গাইন, কলেজ পরিদর্শক অধ্যাপক ডক্টর লিয়াকত হোসেন, বিদ্যা